গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ১০৬/২০১৭

ঢাকা, মঙ্গলবার ৩০ মে ২০১৭, ১৬ জ্যৈষ্ঠ ১৪২৪

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধেয়ে আসছে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় মোরা
উপকূলে ১০ নম্বর মহাবিপদ সংকেত

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইএইএ সম্মেলনে যোগ দিতে অস্ট্রিয়ার ভিয়েনা গেছেন

৩। পেশাদারিত্ব ও সততার সঙ্গে কাজ করুন : রাষ্ট্রপতি

৪। তামাকজাত পণ্যের সারচার্জ নীতিমালা দ্রুত চূড়ান্ত হবে : স্বাস্থ্যমন্ত্রী

৫। ঈদের সময় বাড়তি ভাড়া ও অতিরিক্ত যাত্রীবহণ ঠেকাতে ভিজিল্যান্স টিম
: সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৬। বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ডিসেম্বরে উৎক্ষেপণ করা হবে

৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বোন শেখ রেহানা ও কন্যা সায়মা ওয়াজেদ
পুতুলের নামে কোনো অফিসিয়াল ফেসবুক পেজ নেই

৮। দশম জাতীয় সংসদের বাজেট অধিবেশন শুরু আজ

৯। দেশের বিদ্যুৎ খাত উন্নয়নে ৬১ কোটি ৬০ লাখ ডলার দেবে এডিবি

১০। বাংলাদেশ ৫০ হাজার টন চাল আমদানির টেন্ডারে সর্বনিম্ন দরে
চাল নেবে সিঙ্গাপুরের প্রতিষ্ঠান থেকে

১১। আগামী ২০ রোজার মধ্যে পোশাক শ্রমিকদের ঈদ বোনাস : বিজিএমইএ

১২। স্বল্পোন্নত দেশে বিদেশি বিনিয়োগে বাংলাদেশ চতুর্থ অবস্থানে : আঙ্কটাডের প্রতিবেদন

চলমান পাতা-২

১। **ধেয়ে আসছে বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় মোরা**
উপকূলে ১০ নম্বর মহাবিপদ সংকেত

ঘূর্ণিঝড় 'মোরা'র কারণে মহাবিপদে আছে উপকূলের মানুষ। এর কেন্দ্রে বাতাসের সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ১১৭ কিলোমিটার। ঘূর্ণিঝড়টি আরও শক্তিশালী হয়ে আজ মঙ্গলবার সকালে চট্টগ্রাম ও কক্সবাজার উপকূলে আঘাত হানতে পারে। ঘূর্ণিঝড়ের কারণে চট্টগ্রাম, কক্সবাজার, নোয়াখালী, ফেনী, চাঁদপুর এবং এসব জেলার অদূরবর্তী দ্বীপ ও চর এলাকাকে ১০ নম্বর মহাবিপদ সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। মংলা ও পায়রা সমুদ্র বন্দরকে ৮ নম্বর মহাবিপদ সংকেত দেখানো হয়েছে। ঘূর্ণিঝড় উপকূল অতিক্রম করার সময় স্বাভাবিক জোয়ারের চেয়ে চার থেকে পাঁচ ফুট বেশি উচ্চতার জলোচ্ছ্বাস হতে পারে। উপকূলের ১০ জেলার অন্তত তিন লাখ মানুষকে আশ্রয়কেন্দ্রে সরিয়ে নেওয়া হয়েছে। গতকাল ২৯ মে সোমবার রাত ১২ টা পর্যন্ত দুর্গতদের নিরাপদ আশ্রয়ে সরিয়ে নেওয়ার কাজ চলছিল। তখন 'মোরা' কক্সবাজার থেকে ২৮০ কিলোমিটার দক্ষিণে অবস্থান করছিল। ১০ নম্বর মহাবিপদ সংকেত নিয়ে আসা ঘূর্ণিঝড় 'মোরা'র সর্বশেষ পরিস্থিতি নিয়ে দেশের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখছেন ভিয়েনায় অবস্থানরত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দুর্যোগ মোকাবিলায় সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন। 'মোরা'র কারণে সারাদেশে নৌ চলাচল বন্ধ রয়েছে। নৌপথে বিচ্ছিন্ন রয়েছে বরিশাল বিভাগ। ফেরি চলাচল বন্ধ হয়ে যাওয়া, রাজধানীর সঙ্গে বিভিন্ন জেলার সড়ক যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। চট্টগ্রাম, কক্সবাজার ও বরিশালে বিমান চলাচল বন্ধ রয়েছে। বন্ধ হয়ে গেছে চট্টগ্রাম বন্দরে পণ্য ওঠানো-নামানোর কাজ। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)। **সংবাদ, যুগান্তর, প্রথম আলো, জনকণ্ঠ, ইনকিলাব, ভোরের কাগজ, অবজারভার, এশিয়ান এজ, ডেইলি সান, নিউ এজ, নিউ নেশন, নিউজ টুডে, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

২। **প্রধানমন্ত্রী শেখ হাসিনা আইএইএ সম্মেলনে যোগ দিতে অস্ট্রিয়ার ভিয়েনা গেছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার (আইএইএ) সম্মেলনে যোগ দিতে অস্ট্রিয়ায় দুই দিনের সরকারি সফরে গতকাল ২৯ মে ভিয়েনা পৌঁছলে তাকে লালগালিচা সংবর্ধনা প্রদান করা হয়। প্রধানমন্ত্রী ভিয়েনা সফরকালে অস্ট্রিয়ার চ্যান্সেলর ক্রিষ্টিয়ান কের্ন এবং সেদেশের প্রেসিডেন্ট আলেকজান্ডার ভ্যানডার বিলেনের সঙ্গে বৈঠক করবেন। প্রধানমন্ত্রী এবং তার সফরসঙ্গী বহনকারী বাংলাদেশ বিমানের একটি বিশেষ ফ্লাইট স্থানীয় সময় দুপুর ২টা ৩০মিনিট ভিয়েনা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। অস্ট্রিয়ার ফেডারেল চ্যান্সেলারির স্ট্যাট সেক্রেটারি মুনা দুজদার এবং অস্ট্রিয়ায় বাংলাদেশের রাষ্ট্রদূত ও ভিয়েনায় জাতিসংঘ কার্যালয়ে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মো. আবু জাফর বিমানবন্দরে প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান। পরে প্রধানমন্ত্রীকে আনুষ্ঠানিক মোটর শোভা যাত্রাসহকারে হোটেল ইমপেরিয়ালে নিয়ে যাওয়া হয়। দু'দিনের সফরকালে তিনি এই হোটেলে অবস্থান করবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৯ মে সোমবার ভিয়েনায় গ্র্যান্ড হোটেলে এক ইফতার অনুষ্ঠানের যোগ দেন। আজ ৩০ মে মঙ্গলবার প্রধানমন্ত্রী আন্তর্জাতিক আনবিক শক্তি সংস্থার টেকনিক্যাল সহযোগিতা কর্মসূচি : ৬০ বছর পেরিয়ে উন্নয়নে অবদান শীর্ষক সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি সম্মেলনের উদ্বোধন অধিবেশনে ভাষণ দেবেন। পরে প্রধানমন্ত্রী আইএইএ'র মহাসচিব ইয়োকিয়া আমানোর সঙ্গে তার কার্যালয়ে বৈঠক করবেন। ভিয়েনা সফরকালে বাংলাদেশ ও অস্ট্রিয়ার মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হবে। অস্ট্রিয়ায় দু'দিনের সফর শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৩১ মে সকালে দেশে ফিরে আসবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৩। **পেশাদারিত্ব ও সততার সঙ্গে কাজ করুন : রাষ্ট্রপতি**

জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে কর্মরত বাংলাদেশি সদস্যদের পেশাদারিত্বের সঙ্গে কাজ করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেন, আমি বাংলাদেশ সেনাবাহিনী, নৌবাহিনী, বিমানবাহিনী ও পুলিশ বাহিনীর শান্তিরক্ষীদের বিশ্বব্যাপী শান্তিরক্ষা কার্যক্রমে তাদের পেশাদারিত্ব, সততা, নিষ্ঠা ও আন্তরিকতা বজায় রাখার উদাত্ত আহ্বান জানাচ্ছি। গতকাল ২৯ মে সোমবার আন্তর্জাতিক জাতিসংঘ শান্তিরক্ষী দিবস-২০১৭ উপলক্ষে রাজধানীতে এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১)।

৪। **তামাকজাত পণ্যের সারচার্জ নীতিমালা দ্রুত চূড়ান্ত হবে : স্বাস্থ্যমন্ত্রী**

তামাকজাত পণ্যের ওপর স্বাস্থ্য উন্নয়ন 'সারসার্জ' আদায়ে নীতিমালা তৈরির কাজ চলছে জানিয়ে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দ্রুততম সময়ে এ নীতিমালা চূড়ান্ত করা হবে। বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে গতকাল ২৯ মে সোমবার স্বাস্থ্য মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী আরও বলেন, কয়েকটি

মন্ত্রণালয়ের সমন্বয়ে তামাক নিয়ন্ত্রণে সরকার কাজ করছে। তামাকের ক্ষতিকর দিক তুলে ধরে তামাকজাত পণ্যের প্যাকেট ও কৌটার মোড়কে ছবিসহ সতর্কবার্তার পরিধি বাড়ানো হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৫। ঈদের সময় বাড়তি ভাড়া ও অতিরিক্ত যাত্রীবহণ ঠেকাতে ভিজিল্যান্স টিম : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

ঈদের সময় যানবাহণে বাড়তি ভাড়া ও অতিরিক্ত যাত্রী বোঝাই বন্ধে বিভিন্ন সংস্থার প্রতিনিধিদের নিয়ে তিনটি ভিজিল্যান্স টিম গঠন করা হয়েছে বলে জানিয়েছেন সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। এসব টিম পরিহণে অতিরিক্ত ভাড়া আদায় বা ধারণ ক্ষমতার অতিরিক্ত মালামাল বা যাত্রী পরিবহণ বন্ধে এবং যাত্রী ভোগান্তি কমাতে কাজ করবে। ঈদের যাত্রা শুরুর আগেই এ দলগুলো রাজধানীর সায়েদাবাদ, মহাখালী ও গাবতলী টার্মিনালে অবস্থান করবে বলে জানান তিনি। এছাড়া রোজার ঈদ ঘিরে এবার ১৪ দিন দেশের সব সিএনজি ফিলিং স্টেশন ২৪ ঘন্টা খোলা রাখা হবে। পাশাপাশি ঈদের আগে তিন দিন মহাসড়কে পণ্যবাহী ভারী যানবাহণ চলাচলে কড়াকড়ি। গতকাল ২৯ মে সোমবার রাজধানীর এলেন বাড়ীতে সড়ক পরিবহণ কর্তৃপক্ষ (বিআরটিএ)'র কার্যালয়ে ঈদে ঘরমুখো মানুষের যাতায়াত নিশ্চিত করতে বিআরটিএর কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় সভায় এ তথ্য জানান তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৬,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৬। বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ ডিসেম্বরে উৎক্ষেপণ করা হবে

বাংলাদেশের প্রথম কৃত্রিম উপগ্রহ 'বঙ্গবন্ধু স্যাটেলাইট-১' আগামী ডিসেম্বরে উৎক্ষেপণ করা হবে। এখন এটি পরীক্ষা-নিরীক্ষা চলছে। আগামী ২০১৮ সালের জুন থেকে এর বাণিজ্যিক কার্যক্রম শুরু হবে বলে জানিয়েছেন ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী তারানা হালিম। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ উৎক্ষেপণ অনুষ্ঠানের সঙ্গে যুক্ত হবেন। যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা থেকে এটি উৎক্ষেপণ হবে। গতকাল ২৯ মে সোমবার বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কাজের অগ্রগতি বিষয়ে এক সংবাদ সম্মেলনে তিনি একথা জানান। প্রসঙ্গত, গত ২০ মে স্যাটেলাইট নির্মাণের অগ্রগতি পরিদর্শনে প্রতিমন্ত্রী তারানা হালিম ও সচিব শ্যামসুন্দর শিকদার ফ্রান্স সফর করেন। ফ্রান্সের থালিস এলিনিয়া স্পেস ফ্যাসিলিটিতে এ স্যাটেলাইট নির্মাণের কাজ প্রায় শেষের দিকে। সেখানে স্যাটেলাইট তৈরির কর্মযজ্ঞ পরিদর্শন শেষে তিনি এসব তথ্য জানান। সূত্র- **সংবাদ** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.৪), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৫)।

৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, বোন শেখ রেহানা ও কন্যা সায়মা ওয়াজেদ পুতুলের নামে কোনো অফিসিয়াল ফেসবুক পেজ নেই

প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার বোন শেখ রেহানা ও কন্যা সায়মা ওয়াজেদ হোসেন পুতুলের নামে কোনো অফিসিয়াল ফেসবুক পেজ নেই বলে ঘোষণা দিয়েছে আওয়ামী লীগ। তাদের নামে ভুয়া ফেসবুক পেজ খুলে বিভ্রান্তিকর তথ্য ও সংবাদ প্রচার করা হচ্ছে জানিয়ে এর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারিও উচ্চারণ করেছে দলটি। গতকাল ২৯ মে সোমবার আওয়ামী লীগের ভেরিফাইড ফেসবুক পেজ থেকে এ ঘোষণা দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শেখ রেহানা ও পুতুলের নামে প্রচারিত কথিত ফেসবুক পেজের সূত্র ধরে বেশ কিছু ভুল সংবাদ জনমনে ও গণমাধ্যমে বিভ্রান্তি সৃষ্টি করায় আওয়ামী লীগ এ ঘোষণা দেয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

৮। দশম জাতীয় সংসদের বাজেট অধিবেশন শুরু আজ

চলতি দশম জাতীয় সংসদের ষোড়শ (বাজেট) অধিবেশন বসছে আজ ৩০ মে মঙ্গলবার। এই অধিবেশনেই আগামী ১ জুন ২০১৭-১৮ অর্থবছরের বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। আজ ৩০ মে বেলা ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হবে। এর আগে বসবে কার্য-উপদেষ্টা কমিটির বৈঠক। সেখানে এ অধিবেশনের কার্যসূচি ও মেয়াদ নির্ধারণ করা হবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৯। দেশের বিদ্যুৎ খাত উন্নয়নে ৬১ কোটি ৬০ লাখ ডলার দেবে এডিবি

দেশের বিদ্যুৎ খাত উন্নয়নে ৬১ কোটি ৬০ লাখ মার্কিন ডলার ঋণ দেবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। ৮০ টাকা বিনিময় হারে বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ হয় প্রায় ৪ হাজার ৯২৮ কোটি টাকা। বাংলাদেশ পাওয়ার সিস্টেম ইনহ্যান্সমেন্ট অ্যান্ড ইফিসিয়েন্সি ইমপ্রুভমেন্ট প্রজেক্ট শীর্ষক প্রকল্পে এ অর্থ ব্যয় করা হবে। জুলাই ২০১৬ হতে জুন ২০২০ এই চার বছর মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হবে। ৫ বছর গ্রেস পিরিয়ডসহ সরকার ২৫ বছরে এই অর্থ পরিশোধ করতে পারবে। গতকাল ২৯ মে সোমবার রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে এ সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। চুক্তিতে স্বাক্ষর করেন অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ভারপ্রাপ্ত সচিব কাজী শফিকুল আযম এবং এডিবির কান্ট্রি ডিরেক্টর কাজুহিকো হিগুচি। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **অবজারভার**

(পৃ.১৭,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.১)।

১০। বাংলাদেশ ৫০ হাজার টন চাল আমদানির টেন্ডারে সর্বনিম্ন দরে চাল নেবে সিঙ্গাপুরের প্রতিষ্ঠান থেকে

বাংলাদেশ সরকারের ৫০ হাজার টন চাল আমদানির টেন্ডারে সর্বনিম্ন দর হেঁকেছে সিঙ্গাপুরভিত্তিক প্রতিষ্ঠান এগ্রোক্রপ ইন্টারন্যাশনাল। গতকাল ২৯ মে সোমবার অনুষ্ঠিত আন্তর্জাতিক নিলামে বাংলাদেশের কাছে প্রতি টন চাল ৪০৬ ডলার ৪৮ সেন্টে বিক্রির প্রস্তাব দিয়েছে প্রতিষ্ঠানটি। বাংলাদেশ সরকারের খাদ্য অধিদফতর এ নিলাম আহ্বান করে। নিলামে মোট পাঁচটি প্রতিষ্ঠান অংশ নেয়। মোট ৫০ হাজার টন চাল আমদানির এ টেন্ডারে পাঁচটি প্রতিষ্ঠানের মধ্যে সবচেয়ে কম দামে চাল বিক্রির প্রস্তাব দিয়েছে এগ্রোক্রপ ইন্টারন্যাশনাল। এর আগে ২২ মে ৫০ হাজার টন চাল আমদানির আরেকটি টেন্ডার আহ্বান করেছিল খাদ্য অধিদফতর। ওই টেন্ডারে বাংলাদেশের কাছে সর্বনিম্ন দরে চাল বিক্রির প্রস্তাব দেয় দুবাইভিত্তিক সুখবির এগ্রো এনার্জি লিমিটেড। সূত্র-**যুগান্তর** (পৃ.১৫,ক.২), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৬)।

১১। আগামী ২০ রোজার মধ্যে পোশাক শ্রমিকদের ঈদ বোনাস : বিজিএমইএ

আগামী ২০ রোজার মধ্যে পোশাক শ্রমিকদের ঈদ বোনাস এবং জুন মাসের বেতনের অন্তত অর্ধেক পরিশোধ করা হবে। এজন্য প্রয়োজনীয় প্রস্তুতি নিচ্ছে বিজিএমইএ। প্রতি বছরের মতো এবারও এ বিষয়ে নিয়ন্ত্রণ কক্ষ খোলা হয়েছে বলে জানিয়েছেন সংগঠনের সহসভাপতি মোহাম্মদ নাছির। গতকাল ২৯ মে সোমবার রাজধানীর কারওয়ান বাজারে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের (ডিআইএফই) কার্যালয়ে তৈরি পোশাকশিল্পের ক্রাইসিস ম্যানেজমেন্টবিষয়ক কোর কমিটির সভা শেষে এসব তথ্য জানিয়েছেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.৪,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

১২। স্বল্পোন্নত দেশে বিদেশি বিনিয়োগে বাংলাদেশ চতুর্থ অবস্থানে : আঙ্কটাডের প্রতিবেদন

স্বল্পোন্নত দেশগুলোতে (এলডিসি) প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগে বাংলাদেশ ৪র্থ স্থানে অবস্থান করছে। জাতিসংঘের বাণিজ্য ও উন্নয়ন সংস্থা আঙ্কটাডের সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। সংস্থাটি বলছে, ২০১৬ সালে বাংলাদেশ প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগের প্রবাহ দাঁড়িয়েছে ২ দশমিক ৩ বিলিয়ন ডলারে। যা এর আগের বছর থেকে ৪ শতাংশ বেশি। আঙ্কটাড এর আগে এক প্রতিবেদনে জানায়, বাংলাদেশ ২০১৮ সালের মধ্যে এলডিসি থেকে বের হওয়ার প্রাথমিক যোগ্যতা অর্জন করবে। ২০২১ সালের মধ্যে এলডিসি থেকে বের হওয়ার জন্য বিবেচিত নির্দিষ্ট মানদণ্ড সন্তোষজনকভাবে বজায় রাখতে সক্ষম হবে। ২০২৪ সালে চূড়ান্তভাবে এলডিসি থেকে বের হতে সক্ষম হবে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.৮)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নারায়নগঞ্জ, তেজগাঁওয়ের পূর্ব ও পশ্চিম নাখালপাড়া ও তেজকুনিপাড়ায় রেল লাইনের পাশে ঝুঁকিপূর্ণ ভাবে গড়ে ওঠা কাঁচাবাজারে নিয়মিত চাঁদা আদায় করা হয় উল্লেখ করে প্রায়শ দুর্ঘটনা ঘটার কারণ এসব দোকানপাট উচ্ছেদে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **জনকণ্ঠ :** ছাত্রদের ধুমপান করতে বাধা দেয়াকে কেন্দ্র করে বরিশাল বিশ্ববিদ্যালয়ের কিছু ছাত্র দোকানপাট, ব্যবসা-প্রতিষ্ঠান ও যানবাহনে ভাংচুর চালানোর নিন্দা জানিয়ে এ ধরনের বিরোধপূর্ণ আচরণ থেকে ছাত্রদের সরে আসার আহ্বান।

গ. **প্রথম আলো, সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) এক রপোর্টে প্রবৃদ্ধি যে হারে বাড়ছে সে হারে দেশে কর্মসংস্থান তৈরি হচ্ছে না প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে অর্থনীতির অগ্রযাত্রা অব্যাহত রাখতে কর্মসংস্থান বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইনকিলাব, ডেইলি স্টার :** রমজান মাসে নিত্যপণ্যের মূল্য বৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে সরকারকে নজর দেওয়ার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন :** রাজধানীতে বায়ুদূষণের কারণে ঝুঁকিতে আছে শিশুরা উল্লেখ করে শিশুর সুস্থতা ও সুন্দর ভবিষ্যৎ গড়তে পরিবেশগত ঝুঁকি দূর করতে কার্যকর উদ্যোগ গ্রহণ করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **নিউ এজ :** রাজধানীতে পানযোগ্য নিরাপদ বিশুদ্ধ পানি সরবরাহের ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** পৃথক সড়ক দুর্ঘটনায় দিনাজপুর, গাইবান্ধা, বাগেরহাট ও ময়মনসিংহে ১০ জন নিহত ও ৩২ জন আহত হওয়ার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে সড়ক দূর্ঘটনা নিত্য নৈমিত্তিক ঘটনা হয়ে দাঁড়ানোয় এ ব্যাপারে সংশ্লিষ্টরা কঠোর পদক্ষেপ নিবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে নিত্যপ্রয়োজনীয় জিনিসের মধ্যে মোটা চালের দাম বৃদ্ধি জনগণের জীবনে সব থেকে বেশি দুর্ভোগ সৃষ্টি করে বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইনকিলাব পত্রিকায় প্রকাশিত **'মা-বাবার আশ্রয় বৃদ্ধাশ্রম নয়'** শিরোনামের নিবন্ধে মুফতী পিয়ার মাহমুদ ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের দৃপ্ত অঙ্গীকার হওয়া উচিত বৃদ্ধাশ্রম নয়, মা-বাবার শেষ আশ্রয় হোক আপন নীড়ে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা